ভোরের কাগজ

27 APR 2003
পৃষ্ঠা ৪



জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করে গতকাল ছাত্র ইউনিয়নের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানের উদ্বোধন -ভোরের কাগজ

### ছাত্র ইউনিয়নের সুবর্ণজয়ন্তী উৎসবের সমাপনী

# রাজনীতিতে শুভ শক্তির নবজাগরণ প্রয়োজন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক । বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সুবর্ণজয়ন্তী উৎসবের সমাপনী অনুষ্ঠানে বক্তারা বলেছেন, দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে শাসক শ্রেণীর অব্যাহত ব্যর্থতার মুখে আজ আবার রাজনীতিতে শুভ শক্তির নবজাগরণ প্রয়োজন। আর এ জন্য ছাত্র ইউনিয়নের বিশাল পরিবারকে ঐক্যবদ্ধ হতে হবে। বক্তারা আহ্বান জানান, আমরা যারা জীবনের এক গুরুত্বপূর্ণ সময়ে ছাত্র ইউনিয়নের যোদ্ধা ছিলাম আসুন সবাই ঐক্যবদ্ধ হয়ে দেশবাসীর মুখে হাসি ফোটাই।

গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলায় ছাত্র ইউনিয়নের সুবর্ণজয়ন্তী উৎসবে সমাপনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। সকাল ১১টায় অনুষ্ঠানের উদ্বোধন করেন ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি জয়নাল আবেদীন খান। সংগঠনের সভাপতি শরীফুজ্জামান শরীফের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি ও বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন, ছাত্রমৈত্রীর সভাপতি সাব্বাহ্ আলী খান কলিন, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ নূর আলম এবং সাংগঠনিক সম্পাদক সাজেদুল হক রুবেল।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় ও দলীয় সঙ্গীত পরিবেশন করেন সাংস্কৃতিক ইউনিয়নের কর্মীরা। সমাবেশ শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে শাহবাগ, সিটি কলেজ, নীলক্ষেত, পলাশী হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

বিকালে টিএসসিতে রাজু ভাস্কর্য চত্বরে ছাত্র ইউনিয়ন পুনর্মিলনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

শরীফুজ্জামান শরীফের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সভাপতি সন্তু লারমা, রাশেদ খান মেনন, মুজাহিদুল ইসলাম সেলিম, মঞ্জুরুল আহসান বুলবুল, রুহিন হোসেন প্রিন্স, সাজ্জাদ জহির চন্দন, আসলাম খান, এডভোকেট ফিরোজ আহমেদ, হাসান হাফিজুর রহমান সোহেল, মশুর-এ-খোদা ইরিক, হাসান তারিক চৌধুরী প্রমুখ। আজ সকালে ছাত্র ইউনিয়নের ২৯তম জাতীয় সম্মেলন শুরু হবে।